MAR. 1

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# এসএসসি পরীক্ষাকেই চিত্র

**যুগান্তর ডেস্ক**

প্রথম দিনের মতই সারাদেশে এসএসসি ও দাখিলের দ্বিতীয় দিনের পরীক্ষা সম্পন্ন হয়েছে। কয়েকটি স্থানে হয়েছে গণটোকাটুকি। আবার যশোরসহ কয়েকটি কেন্দ্রে কড়া নিয়ন্ত্রণের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে পরীক্ষা। বহিষ্কার হয়েছে প্রায় ৬ হাজার এসএসসি পরীক্ষার্থী ও ২৬ জন স্কুল শিক্ষক। দাখিল পরীক্ষায় ৫ জন শিক্ষক ও ১ হাজার পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। গ্রেফতার হয়েছে এক শিক্ষকসহ ২৫ জন নকল সরবরাহকারী। ঈশ্বরদী ও নলছিটিতে গ্রেফতার হয়েছে দুই ভুয়া সাংবাদিক। ময়মনসিংহের বিভিন্ন কেন্দ্র থেকে উদ্ধার করা হয়েছে ২০ ব্যাগ নকল। নওয়াপাড়ার একটি কেন্দ্রে হলসুপারের অবহেলার কারণে ১৫ মিনিট পর প্রশ্নপত্র পেয়েছে ২০ জন ছাত্রী। কুষ্টিয়ায় গ্রেফতার হয়েছে এক ভুয়া দাখিল পরীক্ষার্থী। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর–

**রাজশাহী :** রোববার রাজশাহী বোর্ডের অধীন ১৫টি জেলায় মোট ৩ হাজার ৫৩ জন ছাত্রছাত্রী এবং ১৭ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। গাইবান্ধা জেলায় ১০ জন, চাঁপাইনবাবগঞ্জে ৬ জন ও রাজশাহীতে ১ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

**ময়মনসিংহ :** ১০৭ জন এসএসসি পরীক্ষার্থী ও ১শ' দাখিল পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নান্দাইলের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে ২০ ব্যাগ নকল উদ্ধার করা হয়েছে। গফরগাঁও ইসলামিয়া সরকারি হাইস্কুল কেন্দ্রে বহিরাগত নকল সরবরাহকারীদের হটাতে পুলিশ লাঠি চার্জ করে। এ সময় ২৪ নকল সরবরাহকারীকে আটক করে পুলিশ।

**শেরপুর :** জেলার ৪টি কেন্দ্র এবং ৩টি ভেন্যু থেকে ৫৮ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। শেরপুর সরকারি মহিলা কলেজ কেন্দ্রে নকল সরবরাহের অভিযোগে পুলিশ ১ জনকে গ্রেফতার করে। দাখিল পরীক্ষায় জেলার ৪টি কেন্দ্র থেকে দ্বিতীয় দিন ৪২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এছাড়া কারিগরি বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষার দ্বিতীয় দিনে শ্রীবরদী থেকে ১ জনকে বহিষ্কার করা হয়েছে।

**কালিয়াকৈর :** নকলমুক্ত পরিবেশে এসএসসি পরীক্ষা চলছে। গতকাল দ্বিতীয় দিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১ জনকে বহিষ্কার করা হয়েছে।

**নওগাঁ :** ১৩২ জন এসএসসি ও ৫৩ জন দাখিল পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া কর্তব্যে অবহেলার কারণে ১ জন শিক্ষক বহিষ্কৃত হয়েছে।

**সৈয়দপুর :** জেলার ৫টি কেন্দ্র থেকে ১৪৮ জনকে বহিষ্কার করা হয়েছে। দাখিল পরীক্ষার দ্বিতীয় দিনে এই জেলার ৩টি কেন্দ্র থেকে ৩৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**ঝালকাঠি :** এসএসসির ১৯ জন ও দাখিলের ৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার এবং নকল সরবরাহ করার অভিযোগে ১ জন সাংবাদিককে গ্রেফতার, ১ যুবককে আটক ও এক মাদ্রাসা শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

**নলছিটি :** ১৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নকলে সহযোগিতার কারণে সরমহল মাদ্রাসার শিক্ষক সিরাজুল ইসলামকে বহিষ্কার এবং দৈনিক ইত্তেফাক পত্রিকার রিপোর্টার জহিরুল ইসলাম রিপনকে গ্রেফতার করা হয়েছে। প্রথম দিনের নকলের ছবি পত্রিকায় ছাপা হওয়ায় প্রশাসন গতকাল সাংবাদিকদের পরীক্ষা কেন্দ্রে প্রবেশে বাধা প্রদান করে। বহিষ্কৃত ১৩ জনের মধ্যে দাখিল পরীক্ষার্থী ৭ জন, এসএসসি ৫ জন এবং ভোকেশনাল ১ জন।

**নবীনগর :** নবীনগরের সবক'টি কেন্দ্র থেকে মোট ২৩ জন এসএসসি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। দাখিল পরীক্ষায় ১৩ জনকে বহিষ্কার করা হয়েছে। ইব্রাহীমপুর মাদ্রাসা কেন্দ্রের পর্যবেক্ষক সাইদুল ইসলামকে নকলে সহায়তা দেয়ার অভিযোগে বহিষ্কার করা হয়। একই অভিযোগে এ কেন্দ্রের একজন ৪র্থ শ্রেণীর কর্মচারীকেও দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া

ন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। দাখি
রীক্ষায় বহিষ্কার হয়েছে ৩৬ জন।

**ইবান্ধা :** অধিকাংশ কেন্দ্রে শিক্ষক
রিদর্শকদের সামনেই ছাত্ররা অবা
কল করেছে। গোবিন্দগঞ্জ উপজেল
কাচাশহর কেন্দ্রে স্বেচ্ছাসেবক বাহিনী
দস্যরা ছাত্রদের নকল সরবরাহ করেছে
তীয় দিনে জেলার ১৮টি কেন্দ্রে ৩
ন এসএসসি পরীক্ষার্থী এবং ৫টি দাখি
রীক্ষা কেন্দ্রে ৫০ জন ছাত্রছাত্রী এ
কলে সহায়তা করায় ৯ জন স্কু
ক্ষককে বহিষ্কার করা হয়েছে।

## চাটখিলে বহিষ্কৃত পরীক্ষার্থী
## আত্মহত্যার চেষ্টা : উত্তেজন
## বহিরাগতদের ইটপাটকেলে
## ৮ জন আহত

**নোয়াখালী প্রতিনিধি**

এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে চাটখি
উপজেলার খিলপাড়া কেন্দ্রে একজ
বহিষ্কৃত ছাত্রী দোতলা থেকে ঝাঁপিয়ে প
আত্মহত্যার চেষ্টা করেও অল্পের জন্য বেঁ
যায়। প্রত্যক্ষদর্শীরা জানায়, পরীক্ষ
অসদুপায় অবলম্বনের দায়ে তাকে বহিষ
করলে সে দোতলা থেকে ঝাঁপিয়ে প
মারাত্মক আহত হয়। আহত ও অজ্ঞ
অবস্থায় তাকে চিকিৎসার জন্য নেয়ার
হলে বহিরাগতরা ইটপাটকেল নিক্ষে
করে। এতে অন্তত ৮ জন আহত হয়ে
বলে জানা গেছে। আহতরা হচ্ছে– আব
রহিম (২৮), হিমাংশু সাহা (২৩), দু
(১৮), আলী করিম (১৬), রোকেয়া বে
(১৮), ছেলামত উল্যা (৫২)
অজ্ঞাতনামা দুই ব্যক্তি। তাদের স্থা
হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে।
এ ছাড়া জেলার ২০টি এসএসসি কে
১২৫ জনকে ও দাখিল পরীক্ষায়
কেন্দ্রে মোট ৩৫ জন পরীক্ষার্থীকে বহি
করা হয়েছে। পরীক্ষার হলে নক
সহযোগিতা করার অপরাধে ছাতারপা
এসএসসি কেন্দ্রে ৭ জন ও সোনাই
মাদ্রাসা কেন্দ্রে ৪ জন, আমিশাপাড়া কে
৬ জন, কবিরহাট কেন্দ্রে ২
পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে।